

জনসংযোগ অফিস  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাতার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৮৫-৫১



**Public Relations Office**  
**Jahangirnagar University**  
**Savar Dhaka Bangladesh**  
**Phone: +88027791045-51**

## প্রেস বিজ্ঞপ্তি (শোক বার্তা)

### জাবি ছাত্রী জেরিনের অকাল প্রয়াণে উপাচার্যের শোক

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১০ এপ্রিল ২০১৯।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম ইংরেজি বিভাগের দ্বিতীয় বর্ষের (৪৬ ব্যাচ) শিক্ষার্থী ফারিহা নুসরাত জেরিনের অকাল প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন। চিকেন পঞ্চে আক্রান্ত হয়ে রাজধানীর সেন্ট্রাল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।

এক শোক বার্তায় উপাচার্য বলেন, ‘ফারিহা নুসরাত জেরিনের অকাল প্রয়াণে আমি গভীরভাবে শোকাহত। এই রকম একজন মেধাবী ও সম্ভাবনাময় শিক্ষার্থীর অকাল প্রয়াণে তার পরিবার ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অপূরণীয় ক্ষতি হলো।’ উপাচার্য ফারিহা নুসরাত জেরিনের আত্মার শান্তি কামনা করেন এবং তার পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

পরিচালক (ভারপ্রাপ্ত)  
জনসংযোগ অফিস